BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 19 Nov 2026, 05:34 PM

শিক্ষা

শতভাগ ফেল করা ২৯৩ কলেজ নিয়ে নতুন ভাবনা সরকারের

প্রতিবেদক: ঢাকা প্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শনিবার, ৩১ অক্টোবর ২০২৬, ০৩:০১ PM



সংগৃহীত ছবি

এইচএসসি ও সমমানের পরীক্ষায় কোনো শিক্ষার্থী পাস করেনি, এমন ২৯৩টি শিক্ষাপ্রতিষ্ঠান নিয়ে নতুন করে ভাবছে সরকার। এসব কলেজ বন্ধ না করে আশপাশের শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে একীভূত কিংবা পুনর্বিন্যাসের পরিকল্পনা করা হচ্ছে। তবে এ উদ্যোগের কারণে কোনো শিক্ষকের চাকরি হারানোর আশঙ্কা নেই বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ড. আ ন ম এহছানুল হক মিলন।

শনিবার (৩১ অক্টোবর) এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশের পর সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে শিক্ষামন্ত্রী সরকারের এ পরিকল্পনার কথা তুলে ধরেন।

শিক্ষামন্ত্রী বলেন, দেশের বিভিন্ন এলাকায় প্রয়োজনের তুলনায় বেশি কলেজ প্রতিষ্ঠা করা হয়েছে। এসব প্রতিষ্ঠান একসঙ্গে বন্ধ করে দেওয়া সম্ভব নয়। তবে পরিস্থিতি বিবেচনায় নিয়ে সীমিত পরিসরে প্রতিষ্ঠানগুলোর কাঠামো পুনর্বিন্যাসের উদ্যোগ নেওয়া যেতে পারে।

তিনি বলেন, এবার শতভাগ শিক্ষার্থী অকৃতকার্য হয়েছে, এমন প্রতিষ্ঠানের সংখ্যা বেড়েছে। এসব কলেজের কার্যক্রম কীভাবে পাশের শিক্ষাপ্রতিষ্ঠানের সঙ্গে সমন্বয় করা যায়, তা খতিয়ে দেখা হবে।

তবে প্রতিষ্ঠান একীভূত বা পুনর্বিন্যাসের সিদ্ধান্ত বাস্তবায়ন করা হলেও কোনো শিক্ষকের চাকরি যাবে না বলে স্পষ্ট করেন শিক্ষামন্ত্রী।

এ বিভাগের আরও খবর



এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ, পাসের হার ৫২.১২ শতাংশ
চলতি বছরের এইচএসসি ও সমমান পরীক্ষার ফল প্রকাশ করা হয়েছে। এ বছর পরীক্ষায় পাসের হার ৫২ দশমিক ১২ শতাংশ।শনিবার (৩১ অক্টোবর) বেলা পৌনে ১১টার দিকে...



এইচএসসির ফল প্রকাশ আজ, জানবেন যেভাবে
উচ্চমাধ্যমিক (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফল আজ (শনিবার) প্রকাশ করা হবে। বেলা ১১টায় শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগের সভাকক্ষে...



আগামীকাল প্রকাশ হচ্ছে এইচএসসি ও সমমান পরীক্ষার ফল
চলতি বছরের উচ্চমাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) ও সমমান পরীক্ষার ফল প্রকাশিত হচ্ছে আগামীকাল শনিবার। এর মধ্য দিয়ে ফলের অপেক্ষায় থাকা সারা দেশের...



জবির প্রতিষ্ঠাবার্ষিকীতে গান গাইবেন জেমস

জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) ২১তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানে গান গাইবেন জনপ্রিয় ব্যান্ড তারকা জেমস। আগামী ২ নভেম...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://www.seradealbd.com/education/shtbhag-fel-kra-293-klej-niye-ntun-bhabna-srkarer